


চোরাপথে বিটি বেগুন ঢুকছে রাজ্যে: কৃষিমন্ত্রী



নিজস্ব প্রতিবেদক, নদিয়া: পশ্চিমবঙ্গে চোরাপথে বিটি বেগুনের বীজ ঢুকছে। বুধবার কল্যাণীর মোহনপুরে কৃষি মেলার উদ্বোধন করতে এসে এমনটাই আশঙ্কা প্রকাশ করলেন রাজ্যের কৃষিমন্ত্রী পূর্ণেন্দু বসু। মূলত

বাংলাদেশ থেকে চোরাপথে এই বীজ রাজ্যে প্রবেশ করছে। এই ধরনের বীজ রাজ্যে ঢুকে ফসলকে নষ্ট করছে। ফলে ইতিমধ্যে সরকারিভাবে বিষয়টি নিয়ে খৌজখবর নেওয়া শুরু হয়েছে। এর বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার

আশ্বাস দেন কৃষিমন্ত্রী। বিটি বেগুনে কীটপতঙ্গ মরে। মানুষ না জেনে সেই বেগুন খায়। কল্যাণীর মোহনপুর বিধানচন্দ্র বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকরাও এ বিষয়ে সচেতন থাকার পরামর্শ দিয়েছেন।